

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৬৪

১/ বিবিধ

আরবী

إذا رأيت أمتي تهاب الظالم أن تقول له: إنك ظالم، فقد تودع منهم
ضعيف

أخرجه الحاكم (4/96) وأحمد (2/163 و 189 – 190) وأبو بكر الشافعي في "الفوائد
" (6/65/2) وابن عدي في "الكامل" (ق 185/2 و 187/2) من طريق الحسن بن
عمرو عن أبي الزبير عن عبد الله بن عمرو مرفوعا. وقال الحاكم: "صحيح الإسناد!"
ووافقه الذهبي! وذهلا عن كونه منقطعا، وبه أعله البيهقي، فقال المناوي في "الفيض
" متعقبا عليهما: "لكن تعقبه البيهقي نفسه بأنه منقطع حيث قال: محمد بن مسلم هو
أبو الزبير

المكي، ولم يسمع من ابن عمرو"

قلت: وبه أعله ابن عدي كما يأتي، فقد أخرجه أنفا من طريق سنان بن هارون عن
الحسن بن عمرو به إلا أنه قال: عن جابر. بدل "عن ابن عمرو" وقال: "وهذا رواه
جماعة عن الحسن بن عمرو عن أبي الزبير عن عبد الله بن عمرو وأبو الزبير عن
عبد الله بن عمرو يكون مرسلا، وقد رواه أبو شهاب عبد ربه بن
نافع الحنات عن الحسن بن عمرو عن أبي الزبير عن عمرو بن شعيب عن عبد الله بن
عمرو. وهذا أيضا مرسل لأن عمرا لم يلق عبد الله بن عمرو. فأما الإسناد الآخر
الذي رواه سنان بن هارون عن الحسن بن عمرو عن أبي الزبير عن جابر.. فلا نعرفه
إلا من حديث سنان، وأبو الزبير لا يروي هذا عن جابر، وإنما يرويه عن

عبد الله بن عمرو، ولسنان بن هارون أحاديث، وليست بالمنكرة عامتها، وأرجو أنه لا بأس به "

قلت: وقد أشار إلى أن بعض أحاديثه منكرة، وهذا منها عنده أيضا فقد قال في المكان الأول الذي سبقت الإشارة إليه

" هكذا يروى عن الحسن بن عمرو عن أبي الزبير عن عبد الله بن عمرو، ومن قال عن جابر فقد أغرب "

والحديث ذكره الهيثمي في " المجمع " (7/262) من رواية ابن عمرو ثم قال " رواه أحمد والبزار بإسنادين، ورجال أحد إسنادي البزار رجال الصحيح وكذلك رجال أحمد "

وعزاه السيوطي في " الجامع الصغير " للطبراني في " الأوسط " من حديث جابر وقال المناوي في " فيض القدير "

" وفيه سيف بن هارون ضعفه النسائي والدارقطني "

قلت: كذا وقع في " الفيض " " سيف "، ولا أدري أهكذا وقعت الرواية عند الطبراني أم هو تحريف من بعض النساخ، فإن سيفاً هذا على ضعفه قد رواه عن الحسن

ابن عمرو عن أبي الزبير عن ابن عمرو كما رواه الجماعة عن الحسن، أخرجه ابن عدي، وإنما رواه عن الحسن عن أبي الزبير عن جابر أخوه سنان بن هارون، ولا يعرف

إلا من حديث سنان كما قال ابن عدي؛ كما تقدم. فإله تعالى أعلم
ثم تبينت بعد الرجوع إلى " الأوسط الطبراني " (7989) أنه تحرف، وأن الصواب ما تقدم " سنان "، وقال الطبراني
" لم يروه عن الحسن بن عمرو عن أبي الزبير إلا سنان "

১২৬৪। তুমি যখন আমার উম্মাতকে দেখবে অত্যাচারীকে তুমি অত্যাচারী বলতে ভয় করছে তখন তুমি তাদের থেকে বিদায় গ্রহণ করবে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি হাকিম (৪/৯৪), আহমাদ (৬৪৮৫, ৬৭৪৫), আবু বাকর শাফে'ঈ "আল-ফাওয়াইদ" গ্রন্থে (২/৬৫/৬) ও ইবনু আদী "আল-কামেল" গ্রন্থে (কাফ ২/১৮৭, ২/১৮৫) হাসান ইবনু আমর সূত্রে আবুয যুবায়ের হতে, তিনি আব্দুল্লাহ ইবনু আমর (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

হাকিম বলেনঃ সনদটি সহীহ হাফিয যাহাবীও তার সাথে ঐকমত্য পোষণ করেছেন। তারা উভয়েই সনদটি যে মুনকাতি (বিচ্ছিন্ন) তা লক্ষ্যই করেননি। এর দ্বারাই বাইহাকী সনদটির সমস্যা বর্ণনা করেছেন। মানবী "আল-ফায়েয" গ্রন্থে উভয়ের সমালোচনা করে বলেছেনঃ সনদটি মুনকাতি'। মুহাম্মাদ ইবনু মুসলিম হচ্ছেন আবুয যুবায়ের মাক্কী, তিনি ইবনু আমর (রাঃ) হতে হাদীস শ্রবণ করেননি।

আমি (আলবানী) বলছিঃ এর দ্বারাই ইবনু আদী হাদীসটির সমস্যা বর্ণনা করেছেন যেমনটি সামনে আসবে।

হাদীসটিকে ইমাম সুয়ূতী "আল-জামেউস সাগীর" গ্রন্থে ইমাম ত্ববারানীর "আল-মুজামুল আওসাত" গ্রন্থের উদ্ধৃতিতে জাবের (রাঃ) হতে বর্ণিত হাদীস হিসেবে উল্লেখ করেছেন। আর মানবী "ফায়যুল কাদীর" গ্রন্থে বলেছেনঃ এর সনদে সাইফ ইবনু হারুন রয়েছে তাকে ইমাম নাসাঈ এবং দারাকুতনী দুর্বল আখ্যা দিয়েছেন।

কিন্তু আসলে সাইফ ইবনু হারুন নয়, তিনি হচ্ছেন সিনান ইবনু হারুন যেমনটি ইমাম ত্ববারানীর "আল-মুজামুল আওসাত" গ্রন্থে (৭৯৮৯) এসেছে।

আর ইমাম ত্ববারানী বলেছেনঃ হাসান ইবনু আমর হতে আবুয যুবায়েরের উদ্ধৃতিতে সিনান ব্যতীত অন্য কেউ বর্ণনা করেননি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72143>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন